গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
এইচআরএম ইউনিট
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৬.৯৯.০০০১.২৩.২১০

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ / ০৪ অক্টোবর ২০২৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়: **মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের নাম, পরিচিতি, লোগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে অননুমোদিত ফেইসবুক পেইজ/গ্রুপ পরিচালনা এবং বিভ্রান্তিকর/আপত্তিকর তথ্য প্রচার বন্ধকরণ প্রসঙ্গে**

সম্প্রতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) নজরে এসেছে যে, বিভিন্ন ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক "মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর", "মাউশি" অথবা "Directorate of Secondary and Higher Education-DSHE" অথবা অনুরূপ নাম, পরিচিতি, লোগো/প্রতীক ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে বিভিন্ন ফেইসবুক পেইজ ও গ্রুপ পরিচালনা করা হচ্ছে। এসব পেইজ/গ্রুপের কোনটিই মাউশি কর্তৃক অনুমোদিত বা পরিচালিত নয় এবং এসব পরিচালনার ক্ষেত্রে অধিদপ্তরের কোনো সংশ্লিষ্টতা নেই বা পূর্বানুমতি গ্রহণ করা হয়নি। প্রকৃতপক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের "Directorate of Secondary and Higher Education-DSHE" (https://www.facebook.com/dshe.moebd) নামে অফিসিয়াল ফেইসবুক পেইজ ছাড়া আর কোনো অনুমোদিত পেইজ নেই।

পরিলক্ষিত হচ্ছে যে, উল্লিখিত অননুমোদিত ফেইসবুক পেইজ/গ্রুপসমূহে কোনো কোনো ক্ষেত্রে মাউশির দাপ্তরিক সিদ্ধান্ত, আদেশ, বিজ্ঞপ্তি বা কার্যক্রম সম্পর্কে অনুমোদনহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। এছাড়াও কোনো কোনো পেইজ/গ্রুপে ব্যক্তি বিশেষের বিরুদ্ধে অশালীন, মানহানিকর, আপত্তিকর ও অসত্য বক্তব্য এবং রাষ্ট্র ও সরকার সম্পর্কিত বিভিন্ন ধরনের অনভিপ্রেত বক্তব্য/মন্তব্য প্রকাশ করা হচ্ছে। এ ধরনের কার্যক্রমের মাধ্যমে একদিকে যেমন সাধারণ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে, অন্যদিকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ভাবমূর্তি ও দাপ্তরিক তথ্যের গ্রহণযোগ্যতা ক্ষুণ্ন হচ্ছে।

এমতাবস্থায়, এই বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের পূর্বানুমোদন ব্যতীত মাউশির নাম, সংক্ষিপ্ত নাম, লোগো, প্রতীক বা দাপ্তরিক পরিচয় ব্যবহার করে কোনো ফেইসবুক পেইজ/গ্রুপ পরিচালনাসহ সকল কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। এ বিজ্ঞপ্তি জারির পরও কোনো ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক অননুমোদিতভাবে মাউশির নাম ও পরিচয় ব্যবহার করে ফেইসবুক পেইজ/গ্রুপ পরিচালনা এবং আইনবিরোধী বা আপত্তিকর কার্যক্রম অব্যাহত রাখা হলে, কোনো প্রকার অতিরিক্ত সতর্কীকরণ ব্যতিরেকে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন, বিধি, নীতিমালা ও সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে সর্বশেষ সতর্ক করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে অননুমোদিত কার্যক্রম বন্ধ করে মাউশির নাম, পরিচয় ও দাপ্তরিক প্রতীক ব্যবহারের ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-১০-২০২৬
মো: শওকত হোসেন মোল্যা
উপ-পরিচালক

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৩। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলযোগাযোগ রেগুলেটার কামশন।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৫। অফিস কপি, এইচআরএম শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।